

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
পরিকল্পনা শাখা

অনুষ্ঠিত বিষয়ে অনুষ্ঠিত বিশেষ সভার কার্যবিবরণী  
অনুষ্ঠিত তারিখ ২০১৭-১৮ অর্থবছরের আরএডিপি প্রণয়ন বিষয়ে অনুষ্ঠিত বিশেষ সভার কার্যবিবরণী  
তারিখ ০৪.০১.২০১৮

**সভাপতি :** জনাব মোঃ আমিনুল বর চৌধুরী, যুগ্ম-সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
**তারিখ :** ০৪.০১.২০১৮ খ্রি:  
**সময় :** সকাল ১১:০০ ঘটিকা  
**স্থান :** সম্মেলন কক্ষ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

| ক্রঃ | নাম                          | পদবী                    | দপ্তর                                    |
|------|------------------------------|-------------------------|--|
| ০১।  | স্বপন চাকরা                  | নির্বাহী প্রকৌশলী       | জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্প        |
| ০২।  | জনাব মোঃ আব্দুল আখের         | সিনিয়র সহকারী প্রধান   | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ                   |
| ০৩।  | জনাব মুহাম্মদ ইমতিয়াজ হাসান | উপ-প্রকল্প পরিচালক      | বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প |
| ০৪।  | জনাব মোঃ মনিরুজ্জামান        | উপ-কর কমিশনার           | জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্প        |
| ০৫।  | জনাব মুকিতুল হাসান           | সহকারী কমিশনার          | ভ্যাট অনলাইন প্রকল্প                     |
| ০৬।  | জনাব মোঃ শরিফুল ইসলাম        | সহকারী রাজস্ব কর্মকর্তা | ভ্যাট অনলাইন প্রকল্প                     |

**৩.০ উপস্থাপনাঃ**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সহকারী প্রধান সভার কর্মপত্র উপস্থাপন করে বলেন, প্রতিবারের ন্যায় এবারও পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগে চলমান ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের নির্দেশনা জারি করেছে। উক্ত বিভাগ চলমান ২০১৭-১৮ অর্থবছরের মধ্যে এডিপি প্রণয়নপূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। এ নির্দেশনানুযায়ী আগামী ০৭.০১.২০১৮ তারিখের মধ্যে এডিপি প্রণয়নপূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। এ পরিপ্রেক্ষিতে আইআরডি'র আওতায় জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন উন্নয়ন প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক/তাদের প্রতিনিধিগণের সাথে আলোচনার ভিত্তিতে আরএডিপি প্রণয়নের লক্ষ্যে অন্যকার সভাটি আহ্বান করা হয়েছে।

**৩.১ আলোচনায় অংশ নিয়ে ভ্যাট অনলাইন প্রকল্পের প্রতিনিধি বলেন যে, আরডিপিপি-১ অনুযায়ী বর্তমান অর্থবছরের এডিপি বরাদ্দ পাওয়া গিয়েছে। এখনও আরডিপিপি-২ অনুমোদিত হয়নি। ফলে, আপাততঃ প্রাপ্ত বরাদ্দই অপরিবর্তিত থাকতে বরাদ্দ পাওয়া গিয়েছে। এখনও এডিপিপি-২ এর ওপর ২য় পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে এবং পারে। এ বিষয়ে সিনিয়র সহকারী প্রধান বলেন যে, যেহেতু আরডিপিপি-২ এর ওপর ২য় পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে এবং প্রকল্পটি একনেক এর বিবেচনার জন্য অপেক্ষমান রয়েছে, অধিকস্তু আরএডিপি চূড়ান্ত অনুমোদনের এখনও ২ মাস বাকি রয়েছে, সেহেতু প্রকল্প পরিচালকের সাথে আলোচনা করে প্রকল্পের আরএডিপি বরাদ্দ চূড়ান্ত করা সমীচীন হবে। সভায় তার প্রস্তাব সমর্থন করা হয়। সভাপতি আজকের মধ্যেই প্রস্তাবিত আরএডিপি আইআরডি'তে প্রেরণের নির্দেশ প্রদান করেন।**

**৩.২ জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্পের পক্ষে সভায় উপস্থিত গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী বলেন যে, যেহেতু প্রকল্পের সংশোধিত ডিপিপি এখনও একনেক কর্তৃক অনুমোদিত হয়নি কিন্তু সহসা অনুমোদনের সম্ভাবনা রয়েছে সে কারণে প্রকল্পের অনুকূলে প্রাপ্ত বরাদ্দ ৬.৬৭ কোটি টাকা হতে ১০.০০ কোটি টাকায় উন্নীত করা সমীচীন হবে।**

**৩.৩ বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্পের উপ প্রকল্প পরিচালক বলেন যে, আলোচ্য প্রকল্পটি একটি নতুন প্রকল্প হিসেবে সম্প্রতি প্রকল্পের অনুকূলে 'থোক' হতে ২১.৯৮ কোটি টাকা বরাদের অনুরোধ করা হয়েছে। প্রস্তাবিত উক্ত বরাদ্দই আরএডিপি'তে প্রতিফলিত হতে পারে।**

**৩.৪ 'স্ট্রেংডেনিং গভর্ন্যান্স ম্যানেজমেন্ট প্রকল্প' এবং 'ন্যাশনাল সিঙ্গেল ইইডো বাস্তবায়ন প্রকল্পের কোনো প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাদের সাথে টেলিফোনে আলোচনা করে আরএডিপি প্রণয়নের জন্য সিনিয়র সহকারী প্রধানকে নির্দেশনা প্রদান করেন। টেলিফোনে সংগৃহীত তথ্যের ঘাতে কোনো গরমিল না হয় সে বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ নিশ্চিত করবেন।**

**৪.০ সিদ্ধান্তঃ**

অতঃপর বিস্তারিত আলোচনাশেষে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

**৪.১ ভ্যাট অনলাইন প্রকল্পের প্রকল্প পরিচালকের সাথে আলোচনাপূর্বক আরএডিপি প্রস্তাব অদ্যই আইআরডি'তে প্রেরণ নিশ্চিত করতে হবে;**

(৩)

- ৪.২ জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্পের আরএডিপি বরাদ্দ ১০.০০ কোটি টাকা প্রস্তাব করা যেতে পারে;
- ৪.৩ বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্পের অনুকূলে ‘থোক’ হতে ২১.৯৮ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব আরএডিপি’তে প্রতিফলিত হতে পারে; এবং
- ৪.৪ ‘স্ট্রেংডেনিং গভর্ন্যান্স ম্যানেজমেন্ট প্রকল্প’ এবং ‘ন্যাশনাল সিঙ্গেল উইল্ডে বাস্তবায়ন প্রকল্প’র কোনো প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাদের সাথে টেলিফোনে আলোচনা করে সিনিয়র সহকারী প্রধান আরএডিপি প্রধান করবেন;
- ৫.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষর:

(মোঃ আমিনুল বর চৌধুরী)  
যুগ্ম-সচিব

নং-০৮.০০.০০০০.০৩৯.২৯.০১৩.১৩(অংশ-১).০৮

তারিখ: ০৮-০১-২০১৭ খ্রি:

#### বিতরণঃ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

- ১। প্রকল্প পরিচালক, জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্প, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, স্ট্রেংডেনিং গভর্ন্যান্স ম্যানেজমেন্ট প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৫। প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইল্ডে প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (দ্রঃ আঃ জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।

#### অনুলিপি :

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। যুগ-সচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৩। জনাব শেখ রবিউল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা(চঃ দাঃ), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মোঃ আব্দুল আখের)  
সিনিয়র সহকারী প্রধান  
ফোনঃ ০২ ৯৫৫৪৪৮২